**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫**

**বাংলা**

**সেমেস্টার : ৩ কোর্স : ১**

**বাংলা প্রবন্ধ**

**সময় : ৩ ঘন্টা** **পূর্ণমান : ৪০**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক – ১

১। ভারতচন্দ্রের বিপ্রতীপে পাশ্চাত্য কবিদের আদিরসাত্মক রচনা সম্বন্ধে রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের অভিমত 'বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ' পুস্তিকা অবলম্বনে পরিস্ফুট করো। ১০

২। 'বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ' পুস্তিকা রচনার সূত্রে রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের সাহিত্যের ইতিহাস রচনার প্রয়াস কতদূর সফল হয়েছিল এ-বিষয়ে তোমার অভিমত জানাও। ১০

৩। সাময়িক পত্র হিসাবে 'বঙ্গদর্শন' প্রকাশের উদ্দেশ্য কী ছিল তা 'বঙ্গদর্শনের পত্র-সূচনা' রচনা অবলম্বনে আলোচনা করো। ১০

একক – ২

৪। স্বামী বিবেকানন্দের 'প্রাচ্য ও পাশ্চাত্য' রচনাটি ভ্রমণকাহিনি হয়েও কীভাবে চিন্তামূলক নিবন্ধের উচ্চতা স্পর্শ করেছে তা লেখো। ১০

৫। 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থে স্বামী বিবেকানন্দ কীভাবে পাশ্চাত্য চিন্তকদের রামায়ণ বিচারের বিরোধিতা করেছেন আলোচনা করো। ১০

৬। প্রমথ চৌধুরীর 'বই পড়া' প্রবন্ধটির প্রাসঙ্গিকতা একালের প্রেক্ষিতে বিচার করো। ১০

একক – ৩

৭। 'রবি প্রদক্ষিণ' প্রবন্ধে মোহিতলাল রবীন্দ্রনাথের কবিপ্রতিভাকে দুটি অর্ধে ভাগ করেছেন। এই দুটি ভাগ সম্পর্কে প্রাবন্ধিকের অভিমত কতখানি গ্রহণযোগ্য তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করো। ১০

৮। 'আড্ডার প্রথম নিয়ম এই যে তার কোনো নিয়মই নেই' —পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বুদ্ধদেব বসুর এই মন্তব্যটি বিশ্লেষণ করো।' ১০

৯। 'পালা-বদল' কাব্য প্রসঙ্গে কবি অমিয় চক্রবর্তী সম্পর্কে বুদ্ধদেব বসুর মূল্যায়ন তোমার পাঠ্য প্রবন্ধ অবলম্বনে লেখো। ১০

স্নাতকোত্তর পরীক্ষা- ২০২৫

বাংলা

সেমেস্টার: ৩ কোর্স: ২

রবীন্দ্রসাহিত্য

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক-১

১। 'ক্ষণিকা' কাব্যগ্রন্থ প্রকাশের বিলম্বের কারণে রবীন্দ্রনাথ তাঁর উষ্মা প্রকাশ করেছিলেন কয়েকটি কবিতার মাধ্যমে। এইরকম কয়েকটি কবিতা আলোচনা করে দেখাও ব্যক্তিগত উষ্মাকে রবীন্দ্রনাথ কীভাবে অনবদ্য প্রেমের কবিতায় রূপান্তরিত করেছেন। ১০

২। 'বলাকা'র ৬-সংখ্যক কবিতায় স্থিতি আর গতির দ্বৈত কীভাবে কাব্যরূপ পেয়েছে তা আলোচনা করো। ১০

৩। 'পুনশ্চ'র 'বিশ্বশোক' কবিতায় মৃত্যু সম্পর্কে রবীন্দ্রনাথের নিজেকে আড়াল করবার চেষ্টা কীভাবে ফুটে উঠেছে আলোচনা করো। ১০

একক-২

৪। 'রক্তকরবী' নাটকের প্রথম খসড়ায় নাটকটি শুরু হয়েছিল খনিমজুর পরিবারের সংলাপে। এই সূচনা বদলে গিয়েছিল চূড়ান্ত পাঠে। এই পরিবর্তন বিষয়ে তোমার অভিমত দাও। ১০

৫। 'রক্তকরবী' নাটকে একটি গল্প আছে, রবীন্দ্রনাথ লিখন কৌশলে তা ঢেকে রেখেছিলেন। গল্পটি উদ্ধার করে দেখাও নাটকের সাংকেতিকতার আপাত কাঠিন্য তা কীভাবে ভেঙে দিয়েছে। ১০

৬। 'রক্তকরবী' নাটকটিকে কি রবীন্দ্রনাথের রচিত 'অন্য রামায়ণ' বলা যায়? এ বিষয়ে তোমার বিচার যুক্তিনিষ্ঠ ভাষায় লেখো। ১০

একক-৩

৭। 'কল্পনা ও কাল্পনিকতা দুইয়ের মধ্যে একটা মস্ত প্রভেদ আছে। যথার্থ কল্পনা, যুক্তি সংযম এবং সত্যের দ্বারা সুনির্দিষ্ট আকারবদ্ধ।...কাল্পনিকতার মধ্যে সত্যের ভান আছে মাত্র'— কল্পনা ও কাল্পনিকতার পার্থক্যটি বুঝিয়ে দাও। রবীন্দ্রনাথ 'কৃষ্ণচরিত্র' সম্পর্কে একথা লিখলেও সমগ্র বঙ্কিম-সাহিত্যের মধ্যে যথার্থ কল্পনা, যুক্তি সংযম এবং সত্য কীভাবে প্রকাশ পেয়েছে আলোচনা করো। ২+৮=১০

৮। 'কবি যে-সরস্বতীর বন্দনা করিতেছেন তিনি নানা আকারে নানা ভাবে নানা লোকের নিকট উদিত হন।' রবীন্দ্রনাথ বিহারীলালের 'সারদামঙ্গল' কাব্যে সারদা পরিকল্পনার অভিনবত্বগুলি যেভাবে বিচার করেছেন তা নিজের ভাষায় লিখো। ১০

৯। লোকহিত বিষয়ে রবীন্দ্রনাথের অভিমত পাঠ্য প্রবন্ধ অবলম্বনে লেখো। ১০

১০। **টীকা লেখো (যে-কোনো দুটি):** ২X৫=১০

(ক) 'ক্ষণিকা' কাব্যগ্রন্থের ছন্দ

(খ) 'বলাকা' কাব্যের নামকরণ

(গ) 'সাধারণ মেয়ে'

(ঘ) রাজার চশমা

(ঙ) বজ্রগড়

(চ) 'অবোধবন্ধু' ও 'আর্যদর্শন'

(ছ) কালান্তর

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

বাংলা

সেমেস্টার: ৩ কোর্স: ৩

রবীন্দ্রনাথ

সময় : তিন ঘন্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান ডানদিকে উল্লিখিত

প্রত্যেক একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে।

১০ নম্বর প্রশ্নের উত্তর আবশ্যিক।

একক-১

১। 'গোরা' উপন্যাসে চিত্রকল্প ব্যবহারের বৈচিত্র্য ও গুরুত্ব সম্পর্কে একটি নিবন্ধ রচনা করো। ১০

২। "আমি যা দিন-রাত্রি হতে চাচ্ছিলুম অথচ হতে পারছিলুম না, আজ আমি তাই হয়েছি। আমি আজ ভারতবর্ষীয়।" – 'গোরা' উপন্যাসে গোরার হতে চাওয়া এবং হতে না পারার দ্বন্দ্বটি কাহিনির প্রাসঙ্গিক অংশ উল্লেখের সাহায্যে স্পষ্ট করো। ১০

৩। 'গোরা' উপন্যাসের সূচনা প্রসঙ্গে গোপিকানাথ রায়চৌধুরী বলেছেন "false start"। এ-বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো। ১০

একক-২

৪। "বনোয়ারি সেই ক্ষুধা লইয়া জন্মিয়াছে, নিজের প্রেমকে নিজের পৌরুষের দ্বারা সার্থক করিবার জন্য তাহার চিত্ত উৎসুক, কিন্তু যেদিকেই সে ছুটিতে চায় সেই দিকেই হালদারগোষ্ঠীর পাকা ভিত; নড়িতে গেলেই তাহার মাথা ঠুকিয়া যায়।" – প্রাসঙ্গিক গল্প অবলম্বনে বনোয়ারি চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

৫। বনোয়ারিলাল, আনন্দী বোষ্টমী ও মৃণালের ঘর-ছাড়া হওয়ার কারণ বিভিন্ন। সেই কারণগুলি ব্যাখ্যা করো। ১০

৬। "কিন্তু, আমার ঘর শুধু তো আমারই ঘর নয়।" – 'স্ত্রীর পত্র' গল্পের মৃণালের এই বক্তব্যের তাৎপর্য বিশদ করো। ১০

একক-৩

৭। 'জাভা-যাত্রীর পত্র' শুধু রবীন্দ্রনাথের ভ্রমণের বিবরণ নয়, রবীন্দ্রনাথের ভারত ভাবনার এক নিদর্শন। আলোচনা করো। ১০

৮। জাভা ও বালির নাচ রবীন্দ্রনাথকে কীভাবে প্রভাবিত করেছে, তার পরিচয় দাও। ১০

৯। অমিয় চক্রবর্তীকে লেখা চিঠি অবলম্বনে সাহিত্যে বিজ্ঞান ও প্রযুক্তির স্থান সম্পর্কে রবীন্দ্রমতের যাথার্থ্য বিচার করো। ১০

১০। টীকা লেখো: (যে-কোনো দুটি) ২x৫=১০

(ক) মিশনারির সঙ্গে বিবাদ

(খ) নন্দ মিস্ত্রির মৃত্যু

(গ) 'মা হবার দুঃখটুকু পেলুম ; কিন্তু মা হবার মুক্তিটুকু পেলুম না'

(ঘ) 'দ্বিতীয় সীতাবিসর্জনের কাহিনী'

(ঙ) বিশ শতকের ইউরোপীয় সাহিত্য প্রসঙ্গে রবীন্দ্রনাথ

(চ) প্রামবানান

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬

বাংলা

সেমেস্টার: ৩ কোর্স: ৪

সাহিত্যতত্ত্ব, সাহিত্য আন্দোলন ও সমালোচনা পদ্ধতি

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। 'ধ্বনি' কাকে বলে ? ধ্বনির ক্রমগুলি বিস্তারিতভাবে আলোচনা করো। ১০

২। অ্যারিস্টটল ট্র্যাজেডির সংজ্ঞা দিতে গিয়ে কীভাবে কবিদের বিরুদ্ধে প্লেটোর করা অভিযোগগুলি খণ্ডন করেছিলেন আলোচনা করো। ১০

৩। 'অনুকরণ' বিষয়ে অ্যারিস্টটলের অভিমত বিস্তারে লেখো। ১০

একক-২

৪। সাহিত্য ও লোকশিক্ষার পারস্পরিক সম্পর্ক বিষয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের মতামত ব্যাখ্যা করো। ১০

৫। 'সাহিত্যে যৌনমিলন নিয়ে যে তর্ক উঠেছে সামাজিক হিতবুদ্ধির দিক থেকে তার সমাধান হবে না, তার সমাধান কলারসের দিক থেকে'—অশ্লীলতা বিতর্কের পটভূমিকায় রবীন্দ্রনাথের এই মন্তব্যের যৌক্তিকতা আলোচনা করো। ১০

৬। বাস্তব ও অশ্লীলতা সম্পর্কিত বিতর্কের পরিপ্রেক্ষিতে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধসমূহ অবলম্বনে তাঁর বিতর্কমূলক গদ্যরচনার বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

একক-৩

৭। 'রোমান্টিসিজম' বলতে কী বোঝ? এর প্রধান পাঁচটি বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। একজন ইংরেজ ও একজন বাঙালি রোমান্টিক কবির পরিচয় দিয়ে দেখাও তাঁরা কীভাবে রোমান্টিসিজমকে তাঁদের কাব্যে ধারণ করেছেন? ২+৪+৪= ১০

৮। মার্কসীয় নন্দনতত্ত্বের পরিচয় দাও। মার্কসবাদী সাহিত্য সমালোচনার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। কয়েকজন বাঙালি মার্কসবাদী লেখকের নামোল্লেখ করো। ৪+৪+২=১০

৯। 'টেক্সটগুলো যেন প্রত্যেকটি এক-একটি তালাবন্ধ দরজা। আর প্রতিটি সমালোচনা-প্রকরণ এক-একটি চাবিকাঠি। এমনও হতে পারে একটি তালা খোলার জন্য প্রয়োজন পড়ছে একাধিক চাবির।'—উপযুক্ত দৃষ্টান্ত সহযোগে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি): ২x৫=১০

ক) বিভাব

খ) ইতিহাস ও ট্র্যাজেডি

গ) রিয়ালিটির কারি পাউডার

ঘ) সমাজতান্ত্রিক বাস্তবতা

ঙ) পরিবেশবাদী সমালোচনা (ইকো ক্রিটিসিজম)

চ) পাঠক-প্রতিক্রিয়ামূলক সমালোচনা ও পাঠক রবীন্দ্রনাথ